

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৮

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

بَابُ الْوَسْوَسَةِ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الشَّيْطَانَ يَجْرِي مِنَ الانسان مجْرى الدَّم»

বাংলা

৬৮-[৬] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মানুষের মধ্যে শায়ত্বন (শয়তান) (তার) শিরা-উপশিরায় রক্তের মধ্যে বিচরণ করে থাকে। (বুখারী, মুসলিম)[1]

English

Chapter: Evil Promptings - Section 1

Anas reported God's messenger as saying, "The devil flows in a man like his blood."

(Bukhari and Muslim.)

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২০৩৮, মুসলিম ২১৭৪, আবূ দাউদ ৪৭১৯, আহমাদ ১২১৮২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: শায়ত্বন (শয়তান) মানুষের ধমনীতে চলাফেরা করে। অর্থাৎ- মানুষকে পরিপূর্ণ পথভ্রন্ট করতে সম্ভাব্য সব ক্ষমতা শায়ত্বন (শয়তান)কে দেয়া হয়েছে। সে মানুষের ব্যাপারে এমন আচরণ করতে পারে যে, এর চেয়ে অধিক করার মতো আর কিছু বাকী নেই। শায়ত্বন (শয়তান) মানুষ থেকে পৃথক হয় না। সর্বদাই তার পিছে লেগে আছে। যেমন রক্ত মানুষের শরীর থেকে পৃথক হয় না। তাই মানুষকে শায়ত্বনের (শয়তানের) প্রবঞ্চনা থেকে রক্ষা



পাওয়ার পূর্ণ প্রস্তুতি গ্রহণ করতে হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন